3000Rs.

INDIA NON JUDICIAL

३000 रु.  Rs 3000

सत्यमेव जयते

भारत

तीन हज़ार रुपये  THREE THOUSAND RUPEES

শুভ দানপত্র :-

দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য মং ৩০,০০০, (ত্রিশ হাজার) টাকা।

| দানপত্র গ্রহীতা :- | দানপত্র দাত্রী :- |
| --- | --- |
| ১) শ্রী দুর্গাশঙ্কর দত্ত<br>২) শ্রী প্রতাপ কুমার দত্ত<br>উভয়ের পিতা মৃত সুরেন্দ্র মোহন দত্ত<br>উভয়ের জাতি- হিন্দু, ১নং -এর পেশা- চাকুরী, এবং ২নং -এর পেশা -ব্যবসা<br>সর্ব্ব সাং মনিরামপুর মিস্ত্রীঘাট, ডাকঘর ও থানা- বারাকপুর, জেলা- উত্তর ২৪ পরগণা। | শ্রীমতী বীনাপানি দত্ত<br>স্বামী সুরেন্দ্র মোহন দত্ত<br>জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী<br>সাং মনিরামপুর, মিস্ত্রীঘাট, ডাকঘর ও থানা - বারাকপুর, জেলা- উত্তর ২৪ পরগণা। |



Scanned with CamScanner

Rs 3000/-
Rs 10/-
Rs 3010/- (Rs Three Thousand Ten only)

Bina Pani Datta

Dilip Kumar Chakraborty
29/5/92

Stamp Clerk,
Barrackpore Treasury
North 24 Parganas

1. Bina Pani Datta
2. Durga Sankar Datta
3. Prakash Kr. Datta

4922

Durga Sankar Datta
4923

Pravat Kumar Datta

4924

Sushanta Mukherjee
Satya Ch. Mukherjee

Scanned with CamScanner

10 Rs.






কস্য শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগে ::-

জেলা-উত্তর ২৪ পরগণার অন্তর্গত, ডাকঘর ও থানা -ব্যারাকপুরের অধীন, সাব রেজিষ্ট্রী অফিস ব্যারাকপুর এবং উত্তর ব্যারাকপুর পৌর সভার ২২নং ওয়ার্ডের এলাকাধীন, মৌজা- মনিরামপুর গ্রামে, ৭১নং তৌজির অন্তর্গত, জমিদার সাবেক বিশ্বেশ্বর দে -এর স্থলে এষ্টেট এ্যাকুইজিশান এ্যাক্ট অনুসারে হাল মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণার জেলা কালেক্টার বাহাদুরের অধীনে হাল সেটেলমেন্ট জরিপের ১২০নং খতিয়ানভুক্ত এবং ৩৭০নং দাগে একবন্দ বাস্তু .১০ দশ শতক দখলকার বসত চিরস্থায়ী স্বত্ব বিশিষ্ট জমি মায় সম্পত্তির কাত বার্ষিক ৩।৴. টাকার জমার জমি মায় জমিস্থিত দ্বিতল ইমারত বাটী সহ চারিখানা পাকা ঘর মায় পাকা সিঁড়ি, ইঁটের দেওয়ালের উপর বিলাতী টালির ছাউনি যুক্ত পাঁচ কামরা ঘর

৩পাতা-

এবং ইঁটের দেওয়ালে টিনের ছাউনি যুক্ত এক কামরা ঘর, পাকা পায়খানা, পাকা-প্রাচীর ও টিউব ওয়েল, ইত্যাদি সহবস্তু, ঘর ঘরুক সম্পত্তি বিগত ইংরাজী - ১৮।৭।১৯৩৩ তারিখে রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা মূলে অত্র দানপত্র দাত্রী ও তাহার স্বর্গীয় স্বামী সুরেন্দ্র মোহন দত্ত এর উভয়ের খরিদা স্বত্ব দখলী সম্পত্তি থাকে। তৎপরে জনৈক কালী মোহন বসু উক্ত সম্পত্তি বিগত ইংরাজী ৩।৯।১৯৫৪ তারিখে বারাকপুর সাব রেজিষ্ট্রী অফিসে ১নং বহির ৩৩১১নং রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা মূলে খরিদ করিয়া উক্ত সম্পত্তি ভোগ দখল করিতে থাকাকালীন অত্র দানপত্র দাত্রী পুনরায় বিগত ইংরাজী ৩০।৫।১৯৬৯ তারিখে বারাকপুর সাব রেজিষ্ট্রী অফিসে ১নং বহির ৪১নং ভলুমের ৮৪ পৃষ্ঠা হইতে ৮৭ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ এবং ২২২০নং বিক্রয় কোবালা দলিল মূলে শ্রীযুক্ত কালী মোহন বসুর নিকট হইতে নিজ অর্থে খরিদ করিয়া উপরিউক্ত সম্পত্তিতে আপন স্বত্ব দখল পরিচালনা করিয়া আসিতেছেন এবং স্থানীয় পৌর সভাতে নিজ নাম পত্তন পূর্বক যথারীতি আদায় দিয়া অত্র সম্পত্তি অন্যের বিনা স্বত্ব সত্ত্বে ষোল আনা মালিক হিসাবে এযাবৎ কাল ভোগ দখলীকার অবস্থায় রহিয়াছেন।

এক্ষনে আমার তিন পুত্র শ্রী দুর্গা শঙ্কর দত্ত, ও শ্রী প্রভাস কুমার দত্ত তথা দানপত্র গ্রহীতাদ্বয় ও অপর শ্রী ব্রজেন্দ্র মোহন দত্ত এবং দুইকন্যা বর্তমান রহিয়াছে। এবং আমার উক্ত দুই কন্যাকে আমি যথাসময়ে উপযুক্ত পাত্রে বিবাহ দিয়াছি এবং তাহারা স্বামীর সংসারে এবং স্বামীর নিজ গৃহে সুখে স্বচ্ছন্দে কালাতিপাত করিতেছে।

-৪পাতা-

Scanned with CamScanner

আমার জ্যেষ্ঠ পুত্র শ্রী ব্রজেন্দ্র মোহন দত্ত আমার নিকট হইতে পৃথক আছে এক সে কোন ভাবেই আমাকে দেখাশুনা করে না বা আমার কোন প্রকার ভরন পোষন দেয় না ।তোমরা দানপত্র গ্রহীতাদ্বয় আমার ভরন পোষণ দিতেছ এবং ভক্তি শ্রদ্ধার সহিত আমার সেবা শুশ্রূষা ও যত্নাদির কার্য্য করিয়া আসিতেছ ।

আমি বর্তমানে ৭০ বৎসরে পদার্পন করিয়াছি এক বিগত কয়েক মাস যাবৎ আমার শরীর মোটেই ভালো যাইতেছে না ।আশঙ্কা করিতেছি যে ,যে কোন দিন যে কোন সময়ে আমার জীবন দীপ নির্বাপিত হইতে পারে ।তোমরা দানপত্র গ্রহীতাদ্বয় আমার মধ্যম ও কনিষ্ঠ পুত্র হইতেছ । তোমাদের সেবা যত্ন ও ব্যবহারে অত্যন্ত সন্তুষ্ট হইয়া এক তোমাদের ভবিষ্যৎ জীবন ধারনের সম্পূর্ন বন্দোবস্ত করিবার মানসে নিম্ন তপশীল বর্নিত ও চৌহদ্দীস্থিত সম্পত্তি যাহা কমবেশী .১০ দশ শতক জমি মাত্র সম্পত্তি হইতেছে তাহা তোমাদের অদ্য নির্ব্যূঢ় স্বত্ত্বে নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় দান করিলাম এবং উক্ত দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ত, স্বামিত্ব, এক, হকিয়ৎ দখল, অধিকার ,ছিল বা আছে তৎসমুদয় অদ্যকার তারিখ হইতে লোপ পাইয়া তোমাদের অনুকূলে বর্তাইলএবং দানকৃত সম্পত্তি হইতে আমি অত্র দানপত্র দাত্রী সর্ব্বস্বত্বত্যাগে ওয়ারিশানগণক্রমে চিরতরে নি :স্বত্ব ও দখলচ্যুত হইলাম ।তোমরা অদ্য হইতে দানকৃতসম্পত্তিতে ষোল আনা মালিক ও দখলে দখলীকার হইয়া দান, বিক্রয় ,বন্ধকাদিইত্যাদি সর্ব্ব প্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে পূর্ব মালিক স্বরূপে নিজ নির্ব্যূঢ় স্বত্ব পরিচালনে অন্যের বিরুদ্ধে স্বচ্ছন্দে পরম সুখে ভোগ দখল করিতে থাকিবে ।এবং এই দানকৃত সম্পত্তিতে

তোমরা সম্পূর্ন স্বত্বে সম তুল্যাংশে মালিক ও দখলীকার হইয়া উত্তর ২৪ পরগণা জেলার কালেকটারীতে এবং স্থানীয় পৌরসভাতে তোমাদের নিজ নিজ নাম পত্তনক্রমে খাজনাদি ও ট্যাক্সাদি আদায় দিয়া দাখিলা ও রসিদ গ্রহনে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছামতে পরম সুখে ভোগ দখল করিতে থাকিবে । কশ্মিনকালেও আমি বা আমার অন্য কোন ওয়ারিশান বা স্থলাভিষিক্ত ব্যক্তি বা অপর কেহ কোনরূপ দাবী দাওয়া ওজর আপত্তি করি কিংবা করে তবে তাহা আইনতঃ সর্ব্বথা সর্ব আদালতে বাতিল ও নামঞ্জুর গন্য হইয়া এই দানপত্র দলিল তোমাদের অনুকূলে বহাল থাকিবে । দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য ৩০,০০০ . ত্রিশ হাজার টাকা হইতেছে ।

প্রকাশ থাকে যে নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তি আমি অন্য কোন স্থানে কোন প্রকার হস্তান্তর বা দায় সংযুক্ত করি নাই অথবা উক্ত সম্পত্তিতে আমি ব্যতিত অপর কোন শরিক অংশীদার বা দাবীদার নাই অথবা ইহা কোন - এ্যাকুইজিশান বা রিকুইজিশান বা স্কীমের অন্তর্ভুক্ত নহে ।অথবা দানকৃত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে আমি অন্য কাহারও নিকট হইতে কোন প্রকার বায়না গ্রহন করি নাই । দানকৃত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় তোমাদের দান করিলাম ।যদি কোন প্রকার তঞ্চকতা আমার উপরিউক্ত ঘোষণাতে প্রকাশ পায় তাহা হইলে আমি ওয়ারিশানগণক্রমে আইন আমলে আসিব এবং তোমাদের যাবতীয় ক্ষতিপূরনের দায়ী হইব । দানকৃত সম্পত্তিতে আমার স্বত্বদখলের দোষে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকিলে আমি ওয়ারিশানগণক্রমে তোমা দিগের খরচায়

৬পাতা-

Scanned with CamScanner

তোমাদের অনুকূলে এক বা একাধিক সংশোধন পত্রাদি করিয়া দিতে বাধ্য থাকিলাম ।

এতদর্থে আমি এই দানপত্র দাত্রী স্বেচ্ছায়, সজ্ঞানে, সুস্থ শরীরে, স্থির মস্তিস্কে, খুশী মনে, দানপত্র দলিলের লিখিত মর্ম সমূহ সম্যক অবগত হইয়া ও থাকিয়া এবং উপলব্ধি করিয়া অন্যের বিনা প্ররোচনায় সাক্ষীগনের সম্মুখে দানপত্র দলিলে তোমাদের অনুকূলে আপন সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি ইংরাজী ১৯৯২ সালের ৩রা জুন । বাংলা ১৩৯৯ সালের ২০শে জ্যৈষ্ঠ ।

দানকৃত সম্পত্তির তপশীল :-
********************

জেলা- উত্তর ২৪ পরগণা, ডাকঘর, থানা, সাব রেজিষ্ট্রী অফিস বারাকপুরের এলাকাধীন উত্তর বারাকপুর পৌর সভার ২২নং ওয়ার্ডের ৯৫ নং হোল্ডিং ভুক্ত, মৌজা-মনিরামপুর-গ্রামে, ৭১নং তৌজির অন্তর্গত, জমিদার হাল মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪পরগণা জেলার কালেকটার বাহাদুরের অধীনে সেটেলমেন্ট জরিপের জে:এল: নং ২, রে: সা: নং: ৪, জমিদারের ১৩১নং খতিয়ানের অধীন, নিজ ১২০ (একশত কুড়ি) নং খতিয়ান ভুক্ত, ৫১৩ পাঁচশত তেরো নং দাগে একুনে বাস্তু-১০ দশ শতক দখলকার বসত চিরস্থায়ী স্বত্বীয় জমির কাত বার্ষিক ৩।৵ টাকার জমা জমি ও জমিস্থিত পুরাতন দ্বিতল ইমারত বাটী নিচে ও উপরে চারিখানা পাকা ঘর সহ বারান্দা উপরে ছাদ বিহীন দুই কামরা অসমাপ্ত ঘর, পাকা সিঁড়ি, ইঁটের দেওয়ালের উপর বিলাতি টালির ছাউনিযুক্ত পাঁচ কামরা ঘর এবং ইঁটের দেওয়ালের টিনের ছাউনি যুক্ত এক কামরা ঘর, পাকা-পায়খানা, প্রাচীর ও টিউব ওয়েল ইত্যাদি সহ সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সমেত,

এক একুর ষোল আনা সম্পত্তি অত্র দানকৃত সম্পত্তি রূপে হইতেছে। দানকৃত সম্পত্তি সঙ্গীয় নকশায় লাল বর্ণের বর্ডার দ্বারা বিশেষ ভাবে চিহ্নিত ও বেষ্টিত রহিয়াছে এবং অত্র দলিল সহ নকশা অত্র দলিলের একাংশ রূপে গন্য হইবে।

দানকৃত সম্পত্তির চৌহদ্দী :-

উত্তরে :- শ্রী নিমাই দত্তের গৃহাদি।

দক্ষিনে :- শ্রীমতী রেনুকা পালের গৃহাদি।

পূর্ব্বে :- শ্রী কেষ্ট চক্রবর্ত্তীর বাড়ী সহ সম্পত্তি।

পশ্চিমে :- ৮ফুট প্রশস্থ মিউনিসিপ্যাল রোড।

আমরা অত্র দানপত্র গ্রহীতাদ্বয় ১) শ্রী দুর্গাশঙ্কর দত্ত, ২) শ্রী প্রতাপকুমার দত্ত, অত্র স্নেহের দান সানন্দে গ্রহন করিলাম এবং দানকৃত সম্পত্তির খাস দখল নিলাম।

মুসাবিদা কারক :-

Bandyopadhyay

(শ্রী জ্যোতির্ম্ময় বন্দ্যোপাধ্যায়)

এ্যাডভোকেট, বারাকপুর কোর্ট।

ইস্বাদী :-

টাইপ কারক :-

(শ্রী চন্দন চক্রবর্ত্তী)।

বারাকপুর কোর্ট।

25/6/92

I 81A 82

73 - 3978

Scanned with CamScanner